

145
~~145~~

ঢাকায় কয়েকটি হলে ভাঙচুর

গভীর রাতে ইউএনবি জানায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষকদের ওপর ছাত্র শিবিরের সশস্ত্র হামলার খবর শোনার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল বিক্ষুব্ধ ছাত্র গত রাতে কয়েকটি আবাসিক হলে শিবির সমর্থক কয়েকজন ছাত্রের কক্ষে ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। ছাত্ররা শিবির কর্মীদের মারধর করে বলে জানা গেছে।

শিবির দাবী করেছে, তাদের কর্মীদের ৯টি কক্ষে আগুন দেয়া হয়েছে। ১২জন কর্মী আহত হয়েছে। এদের ৩ জনের অবস্থা গুরুতর।